



AD (Hos-1)

[Handwritten signature]

Website
upload now

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা
www.hsd.gov.bd

বিষয়ঃ ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী এন্ড ইউরোলজি (NIKDU) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (CMCH) এ Concessional Agreement পিপিপি এর আওতায় প্রতিষ্ঠিত ডায়ালাইসিসের সেশন সংখ্যা বৃদ্ধি বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (হাসপাতাল)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২০

সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা

সভার স্থানঃ অফিস কক্ষ, (কক্ষ নং-৩০৩, ভবন নং-৩),

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

উপস্থিতি কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশ করা হলো।

১. সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত ২৮.১১.২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজি (NIKDU) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (CMCH) এ Concessional Agreement পিপিপি এর আওতায় প্রতিষ্ঠিত ডায়ালাইসিসের সেশন সংখ্যা বৃদ্ধি বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয় যা নিম্নরূপঃ

ক্রমিক নং-	আলোচ্য বিষয়ঃ	সিদ্ধান্তঃ	অগ্রগতিঃ
ক)	চলতি আর্থিক বছরে রেফার্ড সেশনের সংখ্যা দ্বিগুন অর্থাৎ ৫৯২১৮ টি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এ সিদ্ধান্তের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে।	স্বাস্থ্য অধিদপ্তর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
খ)	বর্ধিত সেশনের বিষয়ে চুক্তি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় বাজেট বরাদ্দের প্রস্তাব প্রেরণ করবে	স্বাস্থ্য অধিদপ্তর দ্বিগুন সংখ্যক ডায়ালাইসিসের জন্য ১১,৬৮,৩৭,১১৭ টাকা বাজেট বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করেছে। কনসেশন চুক্তির ১৫.১.১ এর আলোকে প্রস্তাব অনুমোদন করা যায় মর্মে অবহিত করেছে। কিন্তু চুক্তির ১৫,২.৩ ধারা অনুযায়ী 'Change of scope order' জারী করা হয় নি।	স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় 'Change of scope order' জারি করবে।

গ)	<p>স্বাস্থ্য অধিদপ্তর অতি জরুরিভিত্তিতে Independent panel (IP) নিয়োগ সম্পন্ন করবে।</p>	<p>ডায়ালাইসিস কার্যক্রম মনিটরিং ও সুপারভিশনের জন্য ইতিমধ্যে Lab Science নামক একটি Independent panel (IP) নিয়োগ দেয়া হয়েছে। উক্ত IP -এর পক্ষে নিম্নবর্ণিত বিশেষজ্ঞগণকে কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য নিয়োগ দান করা হয়েছে :-</p> <p>(১) অধ্যাপক ডাঃ হারুন আর রশিদ (২) অধ্যাপক ডাঃ মুহিবুর রহমান (৩) ব্রিগেঃ (অবঃ) অধ্যাপক ডাঃ মামুন মুস্তাফিজ।</p>	<p>মানসম্মত ডায়ালাইসিস পরিচালনার জন্য IP ও সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হবে।</p>
ঘ)	<p>Sandor Dialysis (pvt) Ltd. NIKDU তে দোতলায় অবস্থিত ডায়ালাইসিস রোগীদের ডায়ালাইসিস সেন্টারে যাওয়ার জন্য অনতি বিলম্বে একটি ক্যাপসুল লিফট স্থাপন করবে।</p>	<p>Sandor কর্তৃক একটি ক্যাপসুল লিফট স্থাপনের জন্য মন্ত্রণালয় হতে স্বাস্থ্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।</p>	<p>স্বাস্থ্য অধিদপ্তর Capsul lift স্থাপনের জন্য অনুরোধ করে কনসেশনারকে পত্র প্রেরণ করবে।</p>
ঙ)	<p>NIKDU এবং CMCH এ কনসেশনাল চুক্তি এর অধীনে প্রতিষ্ঠিত ডায়ালাইসিস সেন্টারসমূহে মানসম্মত ডায়ালাইসিস সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবেদন দাখিলের জন্য কার্যপরিধিসহ একটি কমিটি গঠন করা হয়।</p>	<p>সিদ্ধান্ত অনুযায়ী কমিটি গঠন করে পত্র জারী করা হয়েছে। কমিটি ইতোমধ্যে প্রতিবেদন দাখিল করেছে।</p>	<p>প্রতিবেদনটি অদ্যকার সভায় পর্যালোচনা করা হবে।</p>

২. এ পর্যায়ে সভাপতি গঠিত কমিটির প্রতিবেদনটি পর্যালোচনা করার আহবান জানান। প্রতিবেদনের সুপারিশ ও পর্যালোচনা নিম্নরূপঃ

১)	<p>NIKDU ও CMCH উভয় সেন্টারে অভিজ্ঞ চিকিৎসক, ডিপ্লোমাদারী নার্স এবং ডিপ্লোমাদারী ডায়ালাইসিস টেকনিশিয়ান নিয়োগ করবে।</p>	<p>স্যান্ডর পরিচালক, জানান যে, ইতিমধ্যে নিয়োগ পরীক্ষা গ্রহন করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়ায় ডিডি NIKDU উপস্থিত ছিলেন। নিয়োগ যথাযথ হয়েছে কি না IP মনিটর করে রিপোর্ট দিবেন মর্মে সভাপতি মন্তব্য করেন।</p>	<p>নিয়োগ যথাযথ হয়েছে কি না IP মনিটর করে রিপোর্ট প্রদান করবে।</p>
২)	<p>পানি পরিশোধন প্রক্রিয়ায় উন্নতমানের লবণ ব্যবহার করা। হেমোডায়ালাইসিস রোগীর ডায়ালাইসিস ফ্লুইড উৎপাদন</p>	<p>পানি রাসায়নিক পদার্থ দ্বারা নিয়মিতভাবে পরীক্ষা করা প্রয়োজন যা সেখানে করা হয় না। পানি পরিশোধনে সাধারণ মানের</p>	<p>Independent panel (IP) কনসেশনাল চুক্তির বিধি বিধান</p>

	আন্তর্জাতিক মান অনুসারে করতে হবে।	লবণ ব্যবহার করা হয়। ডায়ালাইসিস ফ্লুইড 'এ' এবং 'বি' নিজেরা খোলা পরিবেশে তৈরী করে যা মোটেই স্বাস্থ্য সম্মত নয়।	অনুযায়ী যথাযথ মান নিশ্চিত করবে।
৩)	জরুরী প্রয়োজনে ভাইটাল মনিটর, ইসিজি মেশিন এবং সাকার মেশিন এর ব্যবস্থা করা।	অত্যাবশ্যকীয় কিছু যন্ত্রপাতি যেমন ইসিজি মেশিন এবং সাকার মেশিন নেই যা অতিব জরুরি।	কনসেশনার ভাইটাল মনিটর, ইসিজি মেশিন এবং সাকার মেশিনের সরবরাহ নিশ্চিত করবে।
৪)	যে সকল ডায়ালাইজার একবার ব্যবহারের জন্য তৈরী সে সকল Single use Dialyzer একবার ব্যবহার করতে হবে।	Single Use Dialyzer এক বার ব্যবহারের মধ্যেই সীমাবদ্ধ থাকতে হবে। যদি Multipe use Dialyzer (Dialyzer এর গায়ে প্রস্তুতকারী কোম্পানী কর্তৃক মুদ্রিত) এর ব্যবস্থা করা যায় তা Reuse করা যেতে পারে।	IP panal বিষয়টি monitor করবে।
৫)	ডায়ালাইসিস সেন্টার পরিচালনার জন্য স্যান্ডর কর্তৃক এক জন নেফ্রোলজিস্টকে পরিচালক হিসাবে নিয়োগ দিতে হবে।	বর্তমানে ডায়ালাইসিস সেন্টারে পরিচালক হিসাবে কোন মেডিকেল পার্সন নেই। উক্ত মেডিকেল ডাইরেक्टर নেফ্রোলজী বিষয়ে ডিগ্রী ও অভিজ্ঞতা থাকা আবশ্যিক। বর্তমানে স্যান্ডরের প্রতিনিধি হিসাবে বর্তমানে স্যান্ডরের প্রতিনিধি হিসাবে পরিচালক কর্মরত আছেন। ডায়ালাইসিস পরিচালনার জন্য একজন স্বতন্ত্র নেফ্রোলজিস্ট নিয়োগ দেয়া যায়।	ডায়ালাইসিস পরিচালনার জন্য প্রতিটি কেন্দ্রে একজন স্বতন্ত্র নেফ্রোলজিস্ট নিয়োগ করতে হবে।
৬)	শিশু কিডনী রোগীদের ডায়ালাইসিসের ব্যবস্থা	সেন্টারগুলোতে শিশু কিডনী রোগীদের ডায়ালাইসিসের ব্যবস্থা নেই। এ ব্যাপারে ব্যবস্থা করা প্রয়োজন।	সেন্টারগুলোতে শিশু কিডনী রোগীদের ডায়ালাইসিসের ব্যবস্থা করতে হবে।
৭)	সেশন সংখ্যা ও ফ্রি সেশন	সেশন সংখ্যা বৃদ্ধির পাশাপাশি ফ্রি সেশন সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। মোট ডায়ালাইসিসের নূন্যতম ১০% ফ্রি (নন পেয়িং) ডায়ালাইসিস বাধ্যতামূলক করতে হবে। মূল চুক্তিতে ফ্রি সেশনের সংখ্যাটি রেফার্ড সেশনের ১০%। তাই ডায়ালাইসিস এর সংখ্যা বাড়ার সাথে সাথে ফ্রি সেশনও ১০% হারে বৃদ্ধি করা যুক্তিযুক্ত।	সেশন সংখ্যা বৃদ্ধির পাশাপাশি ফ্রি সেশন সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং মোট রেফার্ড ডায়ালাইসিস সেশনের নূন্যতম ১০% নন পেয়িং পেশেন্টদের ফ্রি প্রদান করতে হবে।
৮)	জনবল নিয়োগ কমিটিতে NIKDU এবং CMCH অথরিটিকে অন্তর্ভুক্ত	সেন্টার গুলোর জনবল সুপারভিশন মনিটর করার নিয়ম থাকলেও অথরিটিকে কোন ক্ষমতা প্রদান করা হয় নাই। এ ক্ষেত্রে	কনসেশন চুক্তির সংশ্লিষ্ট বিধি বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

	করাসহ অভিযুক্ত জনবলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করার ক্ষমতা প্রদান করতে হবে।	জনবল নিয়োগ কমিটিতে অথরিটিকে অন্তর্ভুক্ত করাসহ অভিযুক্ত জনবলের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।	
৯)	সেন্টারগুলোতে ক্যাপসুল লিফট স্থাপন, অক্সিজেন ও ভ্যাকুয়াম গ্যাস নিজস্ব ব্যবস্থাপনায় সরবরাহ করা।	ডায়ালাইসিস সেন্টারে অক্সিজেন ও ভ্যাকুয়াম গ্যাস সার্বক্ষণিক সরবরাহ নিশ্চিত করার জন্য স্যান্ডরকে অনুরোধ জানানো হয়।	কনসেশনার প্রয়োজনীয় অক্সিজেন, ভ্যাকুয়াম গ্যাস, ভাইটাল মনিটর, এসব প্রয়োজনীয় যন্ত্রপাতি সার্বক্ষণিক সরবরাহ নিশ্চিত করবে।
১০).	মুক্তিযোদ্ধা	মুক্তিযোদ্ধাদের কোন প্রকার কোটা ছাড়াই ফ্রি ডায়ালাইসিস এর ব্যবস্থা করা।	মুক্তিযোদ্ধাদের কোন প্রকার কোটা ছাড়াই ফ্রি ডায়ালাইসিস এর ব্যবস্থা করবে।

৩. বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক) সভায় ppp-র আওতায় NIKDU এবং CMCH এ ডায়ালাইসিসের সংখ্যা দ্বিগুন করে ১১,৬৮,৩৭,১১৭ টাকার সংশোধিত বাজেট বরাদ্দ করার প্রস্তাব নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গৃহিত হয়ঃ

- কনসেশনার নিজ খরচে Capsule lift স্থাপন করবে;
- কনসেশনার রেফার্ড সেশনের ১০% ডায়ালাইসিস সেশন নন পেয়িং পেশেন্টদের অতিরিক্ত হিসাবে ফ্রি প্রদান করবে;
- কনসেশনার প্রতিটি ডায়ালাইসিস সেন্টারে সেশন পরিচালনার জন্য একজন নেফ্রোলজিষ্ট নিয়োগ করবে;
- কনসেশনার প্রয়োজনীয় অক্সিজেন, ভ্যাকুয়াম গ্যাস, ভাইটাল মনিটর, ইসিজি মেশিন, সাকার মেশিন এসব প্রয়োজনীয় যন্ত্রপাতির সার্বক্ষণিক সরবরাহ নিশ্চিত করবে ;'
- মুক্তিযোদ্ধাদের কোন প্রকার কোটা ছাড়াই ফ্রি ডায়ালাইসিস এর ব্যবস্থা করবে ;

খ) Independent panel জনবল, মানসম্পন্ন উপকরণ সরবরাহ, ডায়ালাইজারের মূল্য এসব যথাযথ কি না তা যাচাই করে নিয়মিত Monitoring Report প্রেরণ করবে।

গ) কনসেশন্স এগ্রিমেন্টের 15.2.3 ধারা অনুযায়ী কর্তৃপক্ষ হিসাবে স্বাস্থ্য অধিদপ্তর 'ক' ক্রমিকে বর্ণিত শর্তাবলী উল্লেখপূর্বক ডায়ালাইসিসের সংখ্যা দ্বিগুন করে ১১,৬৮,৩৭,১১৭ টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব করার বিষয়ে কনসেশনারকে 'Change of Scope Order' জারী করতঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) সেন্টারগুলোতে শিশু কিডনী রোগীদের ডায়ালাইসিসের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

তারিখঃ-

২৫.০২.২০২০

(মোঃ সিরাজুল ইসলাম)

অতিরিক্ত সচিব (হাসপাতাল)

স্বাস্থ্য সেবা বিভাগ


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৫/২০

তারিখঃ ২৬.০২.২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (PPP), প্রধানমন্ত্রীর কার্যালয়, গ্রীন ডেল্টা এআইএমএম টাওয়ার লেবেল-৩), বি ৫১-৫২, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
- ৫। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপপরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল/ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৭। নির্বাহী পরিচালক, IDCOL, UTC Building, 16th Floor, 8 panthapath, Karwan Bazar, Dhaka-1215.
- ৮। Managing Director, Sandor Medicals (pvt.) Ltd. Benjara Hills, Hyderabad India.
- ৯। পরিচালক, Sandor Dialysis Services Bangladesh (Pvt)Ltd, ২২/২ কসমোপলিট্যান, সেন্টার,লেভেল - ৫, মিরপুর রোড, ঢাকা।


26.02.2020
(মোহাম্মদ মঈনউদ্দিন চৌধুরী)
যুগ্মসচিব
ফোন- ৯৫৪৯৬৬৯
e-mail: monghm@hsd.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।